চুয়াডাঙ্গার উথলীতে ট্রেনে কাটা পড়ে ৫ গরুর মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলীতে ট্রেনে কাটা পড়ে ৫টি গরুর মৃত্যু হয়েছে। আজ সোমবার বিকাল সোয়া ৩টার দিকে উথলী রেলস্টেশনের নিকট এ দুর্ঘটনা ঘটে।

ঘটনাস্থলে উপস্থিত হয়ে জানা যায়, উথলী গ্রামের মসলেম মণ্ডল ও তপন বিশ্বাস নামের দুজন ব্যক্তি দীর্ঘদিন ধরে একপাল গরু (১৫-২০টি) উথলী এলাকার বিভিন্ন মাঠে চরিয়ে বেড়ান।

আজ সোমবার বিকালে তাঁরা গরুগুলো উথলী রেলস্টেশন এলাকায় লাইনের ধারে চরাচ্ছিলেন। হঠাৎ বেশ কয়েকটি গরু রেললাইনের উপর উঠে যায়। এ সময় খুলনা থেকে ছেড়ে আসা চিলাহাটিগামী ৭২৭ আপ রূপসা এক্সপ্রেস ট্রেনে ২টি গাভি, ১টি বকনা ও ২টি এঁড়ে গরু কাটা পড়ে। গরু কাটা পড়ায় গরুর মালিক উথলী গ্রামের মণ্ডল পাড়ার মৃত ফজল মণ্ডলের ছেলে মসলেম মণ্ডল (৭৫), একই এলাকার আজিজুল মণ্ডলের ছেলে মোমিন মণ্ডল (৪৫), হাসেম মিয়ার ছেলে আব্দুস সামাদ টেংরা (৩৬) এবং ভুলা বিশ্বাসের ছেলে তপন বিশ্বাস (৫০) কান্নায় ভেঙে পড়েন। একসাথে ৫টি গরু ট্রেনে কাটা পড়ার খবর শুনে ঘটনাস্থলে শত শত মানুষ উপস্থিত হন।

উল্লেখ্য, খুলনা থেকে ছেড়ে আসা চিলাহাটিগামী রূপসা এক্সপ্রেস ট্রেনটি আজ সোমবার ৬ ঘণ্টার মতো দেরিতে চলছিলো। হঠাৎ ট্রেন চলে আসবে এটা তাঁরা ভাবতে পারিনি । তবে গরু চরানোর সময় তাদের আরও সতর্ক থাকা উচিত ছিলো বলে এলাকাবাসী মনে করেন।